

সংবাদ বিজ্ঞপ্তি

**নোবিপ্রবি আইকিউএসির আয়োজনে 'ফাইনলাইজিং
এটিএফ সাব-প্রজেক্ট প্রপোজাল' বিষয়ক কর্মশালা**

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলের (আইকিউএসি) আয়োজনে ওয়ার্কশপ অন 'ফাইনলাইজিং এটিএফ সাব-প্রজেক্ট প্রপোজাল' বিষয়ক দুই দিনব্যাপী কর্মশালা শুরু হয়েছে। আজ বুধবার (৫ ফেব্রুয়ারি ২০২৫) প্রথম দিন বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কুমিল্লায় অনুষ্ঠিত ওই কর্মশালায় বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক।

আইকিউএসি পরিচালক অধ্যাপক ড. আসাদুন নবীর সভাপতিত্বে কর্মশালায় কি-নোট স্পিকার হিসেবে ছিলেন কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. এম জাকির সাদুল্লাহ খান, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি বিভাগের অধ্যাপক ড. এম মনিরুল ইসলাম ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. মোঃ আবু লায়েক। এতে প্রোগ্রাম মডারেটর ছিলেন আইকিউএসির অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. মোঃ আবদুল কাইয়ুম মাসুদ।

প্রসঙ্গত, দুই দিনব্যাপী আয়োজিত এ কর্মশালায় নোবিপ্রবির বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ অংশগ্রহণ করবেন।



ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪